

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬ (প্রশিক্ষণ)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৬.১৭.১৭

তারিখ: ০৩ মার্চ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

বিষয় : ই-নামজারী বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীবৃন্দকে নির্দিষ্ট সময় পর্যন্ত তাঁর বর্তমান কর্মস্থল হতে অন্যত্র বদলি না করা প্রসঙ্গে।

- সূত্র : ১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ৪০.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন।
২। মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মার্চ ২০১৬ তারিখের ভূমি তথ্য ও সেবা ফ্রেমওয়ার্ক সংক্রান্ত কমিটির ৭ম সভার কার্যবিবরণী।
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন।
৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ অগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর প্রজ্ঞাপন।
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সংস্কার বোর্ডের উদ্যোগে ও a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহযোগিতায় Land Information Management System-LIMS বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ১১২টি উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মচারীবৃন্দকে প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ সমাপ্তকৃত ১১২টি উপজেলায় ই-নামজারী বাস্তবায়িত হয়েছে। তাছাড়া আরও ১৪৮ টি উপজেলায় ই-নামজারী বাস্তবায়নের কার্যক্রম শুরু হচ্ছে। সূত্র ৪নং ও ৫নং স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জুন/১৮ মাসের মধ্যে সারা দেশে ই-নামজারী বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়েছে।

উল্লেখ্য যে, ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মচারীবৃন্দ ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ সম্পন্ন পূর্বক মাঠ পর্যায়ে কার্যক্রম আরম্ভ করার কিছু দিনের মধ্যে বদলি/পদোন্নতি জনিত কারণে অন্যত্র চলে যান। এতে ঐসব উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেলে ই-নামজারি কার্যক্রম ব্যাহত হয়। অধিকন্তু ঐসব উপজেলা/রাজস্ব সার্কেলে নতুন কর্মচারী পদায়িত হলে তাকে নতুনভাবে প্রশিক্ষণ না দেয়া পর্যন্ত ই-নামজারী কার্যক্রমের নিরবিচ্ছিন্ন ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয় না। নির্দেশনা মোতাবেক জুন/২০১৮ মাসের মধ্যে সারা দেশে ই-নামজারি বাস্তবায়ন করার লক্ষ্যে ই-নামজারি প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীবৃন্দের একটি নির্দিষ্ট সময় (অন্ততঃ ২ বছর) পর্যন্ত একই কর্মস্থলে অবস্থান করা প্রয়োজন।

এমতাবস্থায়, চলমান ই-নামজারী কার্যক্রম বাস্তবায়নে নিরবিচ্ছিন্ন ধারাবাহিকতা রক্ষার্থে ই-নামজারি প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীবৃন্দকে তাঁর বর্তমান কর্মস্থল হতে অন্যত্র বদলি না করার জন্য অনুরোধ করা হল।

জেলা প্রশাসক (সকল)

স্বাক্ষরিত/-
(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৬.১৭.

তারিখ: ০৩ মার্চ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। অফিস কপি।

(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।